# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — মান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ 'ক' ও 'খ' দুই বন্ধু উপনিবেশিক শাসন সম্পর্কে আলোচনা করছিল। তারা বুঝতে পারে ঔপনিবেশিক রাষ্ট্র হলো উপনিবেশ স্থাপনের মাধ্যমে সমৃদ্ধ হয়েছিল। তারা বাণিজ্যের নামে এ দেশে ক্ষমতা দখল করে। নিজেদের সুবিধার জন্য এ দেশে কিছু সংস্কারমূলক কাজ করে। যা বাংলার সামাজিক ও সাংস্কৃতিক জীবনে নবজাগরণের সৃষ্টি করে।

ক. ভারত শাসন আইন পাস হয় কত সালে? ১

খ. পুঁজি পাচার বলতে কী বোঝ? ২

গ. বাংলায় ঔপনিবেশিক শক্তির বিজয়ের কারণ উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. ঔপনিবেশিক শাসকদের কিছু সংস্কার বাংলার সামাজিক ও সাংস্কৃতিক জীবনে নবজাগরণের সৃষ্টি করে— ব্যাখ্যা করো। ৪

২. ▶ বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন 'ক' নামক রাষ্ট্র এ দেশের জনগণকে সহযোগিতা করার জন্য শরণার্থী কর নামে একটি কর চালু করে। অন্যদিকে বিজয় নিশ্চিত করণে 'খ' রাষ্ট্রটি জাতিসংঘে তাদের ভোটে ক্ষমতা প্রয়োগ করে।

ক. মুক্তিবাহিনীকে সরকারি পর্যায়ে কয় ভাগে ভাগ করা হয়েছিল? ১

খ. মুক্তিযুদ্ধে অনিয়মিত বাহিনী বলতে কী বোঝ? ২

গ. 'ক' রাষ্ট্রের নাম উল্লেখপূর্বক মুক্তিযুদ্ধে এর ভূমিকা আলোচনা করো। ৩

ঘ. 'আমাদের বিজয় নিশ্চিত করণে 'খ' রাষ্ট্রের ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ— উক্তির সপক্ষে মতামত দাও। ৪

Teachingbd24.com

৩. ▶ 'ক' এলাকায় উপনির্বাচন অনুষ্ঠিত হলে স্বতন্ত্র প্রার্থী 'জনাব ট' বেসরকারি ভাবে বিজয়ী ঘোষিত হন। কিন্তু ক্ষমতাশীল দলের প্রভাবে প্রশাসক 'জনাব 'ট' এর নিকট ক্ষমতা হস্তান্তর করা নিয়ে টালবাহানা শুরু করেছে। এতে জনাব 'ট' এর দল এবং স্থানীয় জনগণের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

ক. ঢাকার বাইরে অপারেশন সার্চলাইটের নেতৃত্ব দেন কে? ১

খ. 'গণহত্যা' ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে তোমার পঠিত কোন ঐতিহাসিক নির্বাচনের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত ঘটনাই পরবর্তীতে জাতীয়তাবাদের জন্ম দিয়েছে— উক্তিটির যথার্থতা নিরূপণ করো। ৪

৪. ★ লিমন চারুকলার একজন মেধাবী ছাত্র। তার পাঠ্যবিষয় মৃৎশিল্প। সে মাটি দিয়ে নানা রকম ভাস্কর্য তৈরি করে একটি প্রদর্শনীর আয়োজন করল। তার শিল্পকলা দর্শকদের কাছে বেশ প্রশংসিত হয়। একজন দর্শক মন্তব্য করেন, 'মৃৎশিল্পের মতো এদেশের সংগীত শিল্পের ইতিহাসও সমৃদ্ধ ও ঐতিহ্যের ধারক।

ক. সুলতানি আমলে বাংলার রাজধানী কোথায় ছিল? ১

খ. 'প্রত্নতত্ত্ব' বলতে কী বোঝ? ২

গ. লিমনের পাঠ্যবিষয়ে বাংলার কোন শিল্পকলার চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো।৩

ঘ. উদ্দীপকের শেষোক্ত মন্তব্যটি পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৪

৫. ★ তুলি ও মলি দুই বন্ধু। তুলি টেলিভিশন দেখতে ও সংবাদপত্র পড়তে ভালোবাসে। অন্যদিকে মলি মোবাইলে চ্যাটিং ও গেমস খেলে সময় কাটায়।

ক. গণমাধ্যম কী? ১

খ. ব্যক্তিজীবনে সামাজিকীকরণ কেন গুরুত্বপূর্ণ? ২

গ. শিশুর সামাজিকীকরণে তুলির ব্যবহৃত গণমাধ্যমগুলোর ভূমিকা ব্যাখ্যা করো।৩

ঘ. সামাজিক জীবনে মলির ব্যবহৃত মাধ্যমগুলোর প্রভাব ব্যাখ্যা করো। ৪

৬. ★ সোহার বয়স ১৩ বছর। সে মা-বাবার সাথে থাকে। তার মা-বাবাসহ পরিবারের সকল সদস্যরা ধর্মীয় অনুশাসন মেনে চলে। তাদের দেখে সোহা ভালো কাজগুলো শিখেছে। সে ধর্মীয় নিয়মগুলো মেনে চলে এবং কখনো খারাপ কাজ করে না।

https://teachingbd24.com

ক. অভিভাবন কী? ১

খ. ভাষা কীভাবে ব্যক্তিত্বকে প্রভাবিত করে? ২

গ. সোহার সামাজিকীকরণে প্রভাব বিস্তারকারী উপাদানটি ব্যাখ্যা করো। ৩

ঘ. 'এটিই সামাজিকীকরণের প্রথম কিন্তু একমাত্র মাধ্যম নয়'— পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৭. ▶ জনাব 'ক' ও 'খ' দুজনেই রাষ্ট্রের দুটি গুরুত্বপূর্ণ কাজে নিয়োজিত। জনাব 'ক' আইন প্রণয়নে ভূমিকা রাখেন। জনাব 'খ' সে আইন বাস্তবায়ন করেন।


ক. বাংলাদেশের আইনসভার নাম কী? ১

খ. স্থানীয় সরকার বলতে কী বোঝ? ২

গ. জনাব 'ক' এর কাজ সরকার এর কোন বিভাগকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব 'ক' ও 'খ' এর কাজের মাধ্যমেই কি রাষ্ট্র পরিচালনা সম্ভব? মতামত দাও। ৪

৮. ★




ক. এককেন্দ্রিক সরকার কাকে বলে? ১

খ. যুক্তরাষ্ট্রীয় সরকারব্যবস্থা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোন ব্যবস্থাটি আমাদের দেশে সাদৃশ্যপূর্ণ? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের সরকার ব্যবস্থাটির তুলনামূলক আলোচনা করো। ৪

৯. ▶ জনসংখ্যা নিয়ন্ত্রণে গৃহীত উদ্যোগ।

ছক-X নিরক্ষরতা দূরীকরণ, নারী শিক্ষার প্রসার, জনগণের চিকিৎসা সেবা নিশ্চিতকরণ

ছক- Y বাল্যবিবাহ রোধ, সচেতনতা কার্যক্রম, প্রশিক্ষণ প্রণয়ন, পরিকল্পিত পরিবার গড়ার লক্ষ্য বাস্তবায়ন।

ক. জাতীয় জনসংখ্যা দিবস কখন? ১

খ. বাংলাদেশের জনসংখ্যা নীতির একটি উদ্দেশ্য লেখো। ২

Teachingbd24.com

গ. ছক X-এর কার্যক্রম কোন কর্তৃপক্ষের উদ্যোগে সম্পাদিত হয়? ব্যাখ্যা করো।৩

ঘ. 'Y' ছকের উদ্যোগগুলো বাস্তবায়নের মাধ্যমে একটি দেশের জনসংখ্যা নিয়ন্ত্রণ সম্ভব— বিশ্লেষণ করো। ৪

১০. ▶ ছকটি দেখে নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর দাও:

| ক্রম | দেশ | প্রতি বর্গকি.মি. এ জনসংখ্যা | মাথাপিছু আয় (মার্কিন ডলার) |
|---|---|---|---|
| ১ | আমেরিকা | ৩৫ | ৫৫,৮৩৬ |
| ২ | ভারত | ৪৪১ | ১৫৮১ |
| ৩ | বাংলাদেশ | ১২৩৭ | ১৪৬৬ |

ক. আমেরিকার তথ্যপ্রযুক্তি খাতে কত ভাগ ভারতীয় দক্ষ জনশক্তির ওপর নির্ভরশীল? ১

খ. জাতীয় জনসংখ্যা দিবস পালনের গুরুত্ব উল্লেখ করো। ২

গ. উপরের ছক অনুযায়ী বাংলাদেশের উন্নয়ন এর পথে বাধা কোনটি এবং কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনসংখ্যা কীভাবে জনসম্পদে রূপান্তর করবে তার কৌশল বর্ণনা করো। ৪

১১. ▶



ক. কিশোর অপরাধ কী ধরনের সমস্যা? ১

খ. অপসংস্কৃতি বলতে কী বোঝ? ২

গ. বন্ধু → ধূমপান → মাদকাসক্ত এটি একটি চেইন এর মতো— ব্যাখ্যা করো।৩

ঘ. সমাজ থেকে উপরের দৃশ্যটি মুছে ফেলতে তোমার করণীয় বর্ণনা করো। ৪

https://teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ফখরউদ্দিন মুবারক শাহের শাসনামলে বাংলার রাজ দরবারে কোন ভাষার প্রচলন ছিল?
ক তুর্কী খ ফার্সি
গ বাংলা ঘ ইংরেজি

২. স্বদেশি আন্দোলন বিশ্লেষণ করলে পাওয়া যায়?
ক দেশপ্রেম ও রাজনৈতিক চেতনা
খ পাকিস্তানের প্রতি প্রতিবাদ
গ আইয়ুব খানের প্রতি সমর্থনহীনতা
ঘ ব্রিটিশদের প্রতি শ্রদ্ধাশীলতা

৩. ইংরেজি ১৭৭০ সাল বাংলার কোন সালের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক ১১৭৫ খ ১১৭২
গ ১১৭৬ ঘ ১১৭০

৪. কর্ণাটক কোন এলাকার অন্তর্গত?
ক উত্তর ভারত খ দক্ষিণ ভারত
গ পূর্ব ভারত ঘ পশ্চিম ভারত

৫. ★ শিক্ষার বৈশিষ্ট্য হিসেবে নিচের কোনটি যথাযথ?
i. কুসংস্কার দূর করা
ii. নতুন চেতনা সৃষ্টি করে
iii. মানুষকে অলস করে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৬. জাতিসংঘের কয়টি দেশের প্রতিনিধি বাংলাদেশ সমস্যা নিয়ে আলোচনা করে?
ক ৪৪টি খ ৪৫টি
গ ৪৬টি ঘ ৪৭টি

৭. ★ ঢাকা বিভাগ কত নং সেক্টরের অধীনে ছিল?
ক ২নং খ ৪নং
গ ৭নং ঘ ৯নং

৮. মুক্তিযুদ্ধের সময় বহির্বিশ্বে জনমত তৈরিতে কার নাম জড়িত?
ক বিচারপতি হাবিবুর রহমান
খ বিচারপতি আবু সাঈদ চৌধুরী
গ ড. কামাল হোসেন
ঘ ড. মোজাফফর আহমদ

৯. "ক" অঞ্চলের শাসকগোষ্ঠীর সাথে নিচের কোন গোষ্ঠীর মিল রয়েছে?
ক পাকিস্তানের শাসকগোষ্ঠী
খ ভারতের শাসকগোষ্ঠী
গ ব্রিটিশ শাসকগোষ্ঠী
ঘ চীনের শাসক গোষ্ঠী

১০. ★ 'খ' অঞ্চলের নেতার কর্মকাণ্ডের সাথে নিচের কোন নেতার মিল রয়েছে?
ক হোসেন শহীদ সোহরাওয়ার্দী
খ শেখ মুজিবুর রহমান
গ মওলানা ভাসানী
ঘ তাজউদ্দিন আহমদ

১১. কোন আমলে শ্রীচৈতন্যের বৈষ্ণব ভাবধারার প্রভাবে বাংলায় কীর্তন গান রচনার জোয়ার আসে?
ক মুঘল আমলে খ সুলতানি আমলে
গ ইংরেজ আমলে ঘ আধুনিক যুগে

১২. ★ কালো রং এর কষ্টিপাথর আর নানারকম মাটি দিয়ে যে ধর্মের দেব-দেবির মূর্তি বানানো হতো?
i. হিন্দু
ii. খ্রিস্টান
iii. বৌদ্ধ
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

১৩. সংস্কৃতি সদা পরিবর্তনীয়। এখানে পরিবর্তনের সাথে গ্রহণযোগ্য কোনটি?
i. পরিবর্তন নিম্নমুখী
ii. পরিবর্তন উর্ধ্বমুখী
iii. ইতিবাচক পরিবর্তনের উন্নয়নের সম্পর্ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. রবীন্দ্রনাথ ঠাকুর আমাদের জাতীয় সংগীতের সুর কোন গানের সুর থেকে নিয়েছেন?
ক বাউল গান খ মুর্শিদি গান
গ ভাওয়াইয়া ঘ পালাগান

১৫. একসময় কীভাবে মন্দির বানানো হতো?
ক ছাঁচ অনুযায়ী খ ছক অনুযায়ী
গ নকশা অনুযায়ী ঘ কারুকাজ অনুযায়ী

Teachingbd24.com

১৬. ★ বিভিন্ন দেশের সমাজ ও সংস্কৃতি আমাদের জীবনের উপর প্রভাব ফেলার যৌক্তিক কারণ কোনটি?

ⓚ গণমাধ্যম ⓚ তথ্যপ্রযুক্তি

Ⓖ বিশ্বায়ন Ⓖ ইন্টারনেট

১৭. বাংলাদেশে আয়ভিত্তিক বৈষম্যের হার কত?

ⓚ ১১.৬% ⓚ ১৫.১%

Ⓖ ২৫.৯% Ⓖ ২৮.৩%

১৮. শৈশব থেকে ব্যক্তিত্বকে প্রভাবিত করে কোনটি?

ⓚ স্থানীয় সমাজ ⓚ অঙ্গীভূতকরণ

Ⓖ অভিভাবন Ⓖ ভাষা

১৯. নিচের কোনটি গণমাধ্যম?

ⓚ ফেসবুক ⓚ সংবাদপত্র

Ⓖ টুইটার Ⓖ ই-মেইল

২০. জাতীয় তহবিলের অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করেন কে?

ⓚ বিচার বিভাগ ⓚ শাসন বিভাগ

Ⓖ আইন বিভাগ Ⓖ রাষ্ট্রপতি

নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:

"ক" বাংলাদেশের সংবিধান পড়ে জেনেছে এটি সংশোধন করতে হলে দুই-তৃতীয়াংশ সদস্য এর ভোট প্রয়োজন এবং এই সংবিধানে নাগরিকত্ব এর মৌলিক অধিকার ও এর সংরক্ষণের নিশ্চয়তা দেয়া হয়েছে।

২১. উদ্দীপক অনুসারে যদি সংসদে ৩০০ জন সদস্য থাকে তবে সংবিধান সংশোধনে কত জনের ভোট প্রয়োজন?

ⓚ ৩০০ জন ⓚ ২০০ জন

Ⓖ ২৫০ জন Ⓖ ১০০ জন

২২. উদ্দীপকের দ্বিতীয় বাক্য বিশ্লেষণ করলে বোঝা যায়—

ⓚ সংবিধান অধিকার সচেতন করে

ⓚ অধিকার সংরক্ষণের দায়িত্ব নাগরিকের

Ⓖ কর্মসংস্থান, স্বাস্থ্য ইত্যাদির নিরাপত্তার দায়িত্ব রাষ্ট্রের

Ⓖ চিকিৎসা, নিরাপত্তা ইত্যাদির দায়িত্ব নাগরিকের

২৩. সুশাসনের নিয়ামক কোনটি?

ⓚ ব্যক্তিগত স্বার্থপরতা

ⓚ আইনের শাসন প্রতিষ্ঠা

Ⓖ স্বজনপ্রীতি

Ⓖ দুর্নীতি

২৪. বর্তমান সরকার জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে কয়টি লক্ষ্য নির্ধারণ করেছে?

ⓚ ৫টি ⓚ ৭টি

Ⓖ ১০টি Ⓖ ১১টি

২৫. জনসংখ্যা নীতির কাঙ্ক্ষিত লক্ষ্য হলো বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকের—

i. জীবন মান উন্নয়ন

ii. জীবনমানের উৎকর্ষ সাধন

iii. প্রজনন স্বাস্থ্য সেবা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ ii

Ⓖ i ও ii Ⓖ i, ii ও iii

২৬. ★ সোনিয়া গ্রামে ক্ষুদ্র ঋণ নিয়ে কুটির শিল্পের কাজ করছে। এর ফল কী?

ⓚ কর্মসংস্থান ও ক্ষমতায়ন

ⓚ কুটির শিল্পের উন্নয়ন

Ⓖ নারীর উন্নয়ন

Ⓖ কর্মসংস্থান ও ক্ষুদ্রঋণের প্রসার

২৭. আমাদের দেশে কিশোর অপরাধ এর প্রধান কারণ কী?

ⓚ দারিদ্র্য

ⓚ আদর-যত্নের অভাব

Ⓖ বিবাহ বিচ্ছেদ

Ⓖ চিত্তবিনোদন এর অভাব

২৮. মাদকাসক্তি রোধে সবচেয়ে ভালো কার্যকর ব্যবস্থা—

i. প্রতিরোধমূলক ব্যবস্থা

ii. প্রতিকারমূলক ব্যবস্থা

iii. শৈশব থেকে ধর্মীয় ও নৈতিক মূল্যবোধ শিক্ষা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ⓚ i ও ii

Ⓖ i ও iii Ⓖ i, ii ও iii

২৯. সুমনের বয়স ১৯ বছর। সে একজন কিশোর অপরাধী। সে কোন দেশের নাগরিক?

ⓚ বাংলাদেশ ⓚ জাপান

Ⓖ থাইল্যান্ড Ⓖ আমেরিকা

৩০. তুলি ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। সে ২০০ টাকা উপবৃত্তি পায়। সে কোন শ্রেণি পর্যন্ত উপবৃত্তি পায়?

ⓚ ৭ম ⓚ ৮ম

Ⓖ ১০ম Ⓖ ১২তম

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ক |
| ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com